

**Class II**  
**2<sup>nd</sup> Language (Bengali)**

**Topic - রাম**

**বিষয় বস্তু**

রাম খুব বুদ্ধিমান একটি ছেলে। তার বাবা মা তাকে খুব ভালোবাসেন কারণ সে ভীষণ বাধ্য ছেলে। সে তার দাদা ও দিদিদের কথা শোনে এবং ছোট ভাই বোনদের কখনও বিরক্ত করে না ও মারেও না।

রাম তার নীজের বয়সী বন্ধুদের সঙ্গে খেলা করে ও তাদের নীজের ভাইয়ের মত দেখে। তাদের সঙ্গে ঝগড়া বা মারামারি করে না। রাম তার বন্ধুদের সঙ্গে এত ভাল ব্যবহার করে, যে ওর বন্ধুরা ওকে দেখে খুব আনন্দ পায়।

রাম লেখাপড়ায় খুব ভাল। সে তার শিক্ষক শিক্ষিকাদের খুব শ্রদ্ধা করে। তাঁরা যখন রামকে কোন উপদেশ দেয় ও মন দিয়ে তাঁদের কথা শোনে এবং ভুলে যায় না।

রাম কোন খারাপ কাজ করে না। যদি হঠাৎ কোন খারাপ কাজ করে, আর যদি বাবা মা বা শিক্ষক শিক্ষিকা বলে যে ও খারাপ কাজ করেছে, তাই শুনে ও বলে যে ও না বুঝে করেছে, আর কখনও করবে না।

কোন মানুষকে কখনও খারাপ কথা বলে না। রামের মুখে কেউ কখনও তেতো, জঘন্য কথা শুনতে পায় না।

**Worksheet**

তোমাদের বাংলা খাতায় কাজগুলি করো

পাঠমালা পৃষ্ঠা 49

অনুশীলনী

ক

খ

গ

বইতে (গ) অর্থ লেখো ছাড়া আরো অর্থ লেখো

১৩. তৎক্ষণাৎ

১৪. আহ্বাদ

১৫. উপদেশ

১৬. বিস্মৃত

১৭. মন্দ

১৮. দৈবাৎ

১৯. ক্ষমা

২০. ক্লেশ

২১. কটু

২২. অশ্লীল

শূন্যস্থান পূর্ণ করো :

ক) সে কদাচ পিতামাতার কথার \_\_\_\_\_ হয় না।

খ) রাম আপন ভাইভগিনীগুলির উপর \_\_\_\_\_ সদয়।

গ) রামকে দেখলে তাদের বড় \_\_\_\_\_ হয়।

ঘ) তাঁরা যখন যে \_\_\_\_\_ দেন, মন দিয়ে শোনে, কদাচ \_\_\_\_\_ হয় না।

ঙ) রামের মুখে কেউ কখনও \_\_\_\_\_, \_\_\_\_\_ বা \_\_\_\_\_ কথা শুনতে পায় না।